# জেলেদের চাল বিক্রির অভিযোগ ইউপি চেয়ারম্যান মাসুদুলের বিরুদ্ধে



চেয়ারম্যান- গাবুরা ইউনিয়ন পরিষদ

সাতক্ষীরার শ্যামনগর উপজেলার গাবুরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাসুদুল আলমের বিরুদ্ধে জেলেদের চাল বিক্রির অভিযোগ উঠে এসেছে। স্থানীয় সাধারণ জনগন ও জেলেরা চেয়ারম্যানের বিরুদ্ধে এমন অভিযোগ তুলেছেন।

জুন থেকে আগস্ট ৩ মাস সরকারী নিষেধাজ্ঞা থাকার কারনে কর্মহীন হয়ে পরেন সেখানকার স্থানীয় জেলেরা। তবে উপকূলীয় এই মানুষদের জন্য সরকারের পক্ষ থেকে (বিএলসি) জেলে ভাতা প্রদান করা হয়। কিন্তু স্থানীয়দের অভিযোগ, ইউপি চেয়ারম্যান জিএম মাসুদুল আলমের বিরুদ্ধে। বিভিন্ন অনিয়ম তোয়াক্কা না করে চাল বিক্রি করে যাচ্ছেন তিনি।

শুধু চাল বিক্রি নয়, স্থানীয় রাস্তাঘাট, বেড়িবাঁধ, কালভার্ট দুর্নীতি সহ বিভিন্ন ধরণের অভিযোগ এনেছে স্থানীয় বাসিন্দারা। এছাড়া স্থানীয় ২ জন মেম্বার নজরুল ও হাসান এসকল অভিযোগের সত্যতা স্বীকার করেছেন। স্থানীয় মেম্বার নজরুল বলেন, “চেয়ারম্যান চাল বিক্রি করেছে সত্য। তবে যাতায়াত খরচের জন্যে হয়তো বিক্রি করেছেন”। এছাড়া হাসান মেম্বার বলেন, “আমাদেরকে না জানিয়ে বিভিন্ন সময় তাদের নিজের লোক দিয়ে কাজ করান। কারন, আমাদের জানালে চেয়ারম্যান দুর্নীতি করতে পারেন না”।

তবে সেখানকার কেউ প্রতিবাদ করলে তাদের ডেকে নিয়ে বিভিন্ন হুমকি প্রদান করেন চেয়ারম্যান। সেখানকার কয়েকজন এমন হুমকির স্বীকার হয়েছেন বলে জানা যায়।

এবিষয়ে শ্যামনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোছাঃ রনি খাতুন বলেন, “ চেয়ারম্যানের চাল চুরির বিষয় শুনেছি, তবে তা তদন্ত সাপেক্ষ বিষয়। এখনো কেউ অভিযোগ করেননি। অভিযোগ করলে অবশ্যই তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে”।